

**রবীন্দ্রনাথের কাছারিবাড়ি (শাহজাদপুর) রক্ষায় HRPB এর দায়ের করা জনসার্থের মামলায়
রুল জারি ও নির্মান কাজের উপর স্থিতিবস্থা জারি করেছে হাইকোর্ট।**

সিরাজগঞ্জ জেলায় শাহজাহাদপুরে রবীন্দ্রনাথের কাছারিবাড়ি একটি প্রত্নতত্ত্ব নিদর্শন ও ঐতিহাসিক স্থাপনা হিসেবে স্বীকৃত এবং পুরকীর্তি সংরক্ষন আইন অনুসারে কোন স্থাপনার সৌন্দর্য্য নষ্ট হয় এরকম কোন নির্মান কাজ নিষিদ্ধ। তা সত্ত্বেও ইয়ার্ন মার্চেন্ট এসসিয়েশন নামে এলাকার কতিপয় ব্যবসায়ী রবীন্দ্রনাথের কাছারিবাড়ির নিকট বহুতল ভবন নির্মান কাজ করছে। এ ব্যাপারে প্রত্নতত্ত্ব অধিদপ্তর ও প্রশাসনের বার বার অনুরোধ সত্ত্বেও নির্মান কাজ অব্যহত রয়েছে। পত্রিকায় রিপোর্ট প্রকাশিত হলে হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ (HRPB) এর পক্ষে গত ০৭.০৮.২০১৪ তারিখে রীট পিটিসন দায়ের করা হয়।

শুনানিতে বাদী পক্ষের কৌশলি এডভোকেট মনজিল মোরসেদ আদালতে বলেন প্রত্নতত্ত্ব আইন এর ১২(৩) সি এবং ১৯(১)(২) অনুসারে কোন প্রত্নতাত্ত্বিক স্থাপনার পাশে এমন কোন নির্মান কাজ করা যায় না যাতে উহার সৌন্দর্য্য ক্ষুন্ন হয়। তা সত্ত্বেও প্রশাসনের নির্দেশ অমান্য করে বে আইনিভাবে নির্মান কাজ চলছে। সংবিধানের আর্টিকেল ২৩ ও ২৪ অনুসারে ঐতিহাসিক স্থাপনা সংরক্ষন এর দায়িত্ব সরকারের। রবীন্দ্রনাথের কাছারিবাড়ির একটি ঐতিহাসিক গুরুত্ব রয়েছে সুতরাং এর সংরক্ষন অবশ্যই প্রয়োজন।

শুনানী শেষে বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি মোঃ আকরাম হোসেন চৌধুরি এর আদালতে শাহজাদপুরের রবীন্দ্রনাথের কাছারিবাড়ি সুরক্ষার জন্য কেন নির্দেশ দেয়া হবেনা এবং স্থাপনা ভেংগে অপসারণের কেন নির্দেশ দেয়া হবে না তা জানতে ৪ সপ্তাহের রুল জারি করেছেন। আদালত বিবাদী চেয়ারম্যান,ইয়ার্ন মার্চেন্ট এ্যাসোসিয়েশন কে নির্মান কাজ বন্ধ রাখার নির্দেশ দেন এবং ৪ সপ্তাহের মধ্যে Compliance Report দিতে বলেছেন। আদালত স্থিতিবস্থার আদেশ দেন এবং Compliance Report দেয়ার নির্দেশ দেন। সিরাজগঞ্জের ডি, সি ও শাহজাদপুরের ও,সি কে স্থিতিবস্থা মনিটরিং করা এবং আইন ভংগকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ দেন।

মামলার বাদিরা হলেন এডভোকেট মনজিল মোরসেদ ও এডভোকেট আসাদুজ্জামান সিদ্দিকী। বিবাদীরা হলেন সংস্কৃতি সচিব, ডিজি প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ডিসি,এসপি, সিরাজগঞ্জ, ডিডি প্রত্নতত্ত্ব, ইউএনও ও ওসি শাহজাদপুর, মেয়র ও উপজেলা চেয়ারম্যান শাহজাদপুর,কাস্টোডিয়ান এবং হাজী রমজান, চেয়ারম্যান ইয়ার্ন মার্চেন্ট এ্যাসোসিয়েশন।

আদ্বতে বাদী পক্ষে মামলা শুনানী করেন এডভোকেট মনজিল মোরসেদ। সরকার পক্ষে ডিএজি মোখলেছুর রহমান ও হাজী রমজান এর পক্ষে শ,ম রেজাউল করিম।

বার্তা প্রেরকঃ-

এইচআরপিবিঃ-

তারিখঃ- ১০.০৮.২০১৪ ইং।

